NHS SCOTLAND

স্কটল্যান্ডের সংখ্যালঘু জাতিগত
সম্প্রদায়ের স্বাস্থ্য উন্নয়ন

বাৎসরিক রিপোর্ট স্টিয়ারিং কমিটি এবং দ্যা ডিরেক্টর অফ দ্যা ন্যাশনাল রিসোর্স সেন্টার ফর এথনিক মাইনরিটি হেলথ্ এর এক্সিকিউটিভ সারসংক্ষেপ

2002-2003

কার্যনির্বাহী সারসংক্ষেপ

এই দলিলটি ন্যাশনাল রিসোর্স সেন্টার ফর এথনিক মাইনরিটি হেলথ্ এর স্টিয়ারিং গ্রুপ এর বাৎসরিক রিপোর্ট এবং এনআরসিইএমএইচ ও তার টিমের রিপোর্টের উপরে ভিত্তি করে তৈরী করা হয়েছে। সারা স্কটল্যান্ড জুড়ে অভিজ্ঞ সদস্যপদের মাধ্যমে স্টিয়ারিং গ্রুপ এনআরসিইএমএইচ এর সামগ্রিক কৌশলগত নির্দেশনা প্রদাণ করে। এই যৌথ রিপোর্টের মাধ্যমে কাজের ক্ষেত্রে স্টিয়ারিং গ্রুপ এবং এনআরসিইএমএইচ এর ভেতরে অর্জিত ঘনিষ্ট সম্পর্কের প্রতিফলন দেখা যায়।

এই রিপোর্টটি দুইভাগে বিভক্ত। প্রথম খন্ডে এনআরসিইএমএইচ এর কাজকে সংক্ষিপ্ত আকারে তুলে ধরা হয়েছে। দ্বিতীয় পর্বে জাতীগত এবং স্বাস্থ্য বিষয়ক পলিসি বাস্তবায়ন, বিষেশত ফেয়ার ফর অল হেলথ্ ডিপার্টমেন্ট লেটার (এইচডিএল) (2002) 51 (Fair For All Health Department Letter (HDL) (2002)51 এর চাহিদা পূরণে এনএইচএস স্কটল্যান্ড এর অর্জিত অগ্রগতি সম্বন্ধে বলা হয়েছে।

দ্যা ফেয়ার ফর অল প্রগেস রিপোর্ট এর দ্বিতীয় খন্ডে 2000 সালে এফএফএ (FFA) পদক্ষেপ চালু হওয়ার পরে এনআরসিইএমএইচ কর্তৃক গৃহীত অন্যতম পলিসিকে চিহ্নিত করা হয়েছে। এটাতে দেখা হয়েছে যে প্রথম বৎসরে রেস রিলেশান (সংশোধিত) এ্যাক্ট 2000 (Race Relations (Amendment) Act 2000) এ যে বিশেষ দায়িত্ব দেয়া হয়েছিল সেটার বিচারে জাতিগত সাম্য অর্জনে অগ্রগতি সফলতার মাত্রা এবং প্রকৃতি কিরূপ। এই HDL (2002) 51 এর উপরে ভিত্তি করে এফএফএ-র এ্যাকশান প্ল্যানের বিশ্লেষন এই প্রক্রিয়ায় অর্ন্তভুক্ত হয়েছে। এই উভয় কার্যক্রমের বিশ্লেষনের সাথে সাথে এটা মূল উদ্ঘাটিত বিষয়গুলো আলোচনা করেছে এবং আমরা আশা করি যে এটা বোর্ডকে তাদের পরিকল্পনাকে কাজে বাস্তবায়িত করতে এবং কর্মক্ষেত্রে আসলে কতটুকু উন্নতি হচ্ছে সেটা পরিমাপ করতে সাহায্য করবে।

দ্যা ন্যাশনাল এ্যাসেসমেন্ট ফ্রেমওয়ার্ক তৈরী করা হয়েছিল বিশ্লেষনের জন্য এবং আমরা আশা করি যে এটা বোর্ডস্ এবং ট্রাস্টের জন্য হাতে কলমে নির্দেশিকা হিসাবে কাজ করবে। প্রথম বছরে সিআরই এর সহযোগীতায় এনআরসিইএমএইচ বোর্ড এবং ট্রাস্টকে নতুন চাহিদার সাথে খাপ খাইয়ে নিতে এবং ন্যাশনাল নেটওয়ার্ক এর মাধ্যমে সেরা মানের সেবা প্রদাণে উৎসাহীত করার ব্যাপারে সাহায্য করেছে। সামনের বছরের জন্য আমাদের দেয়া গুরুত্ব পলিসি উন্নয়ন থেকে সরে এসে পলিসি বাস্তবায়নের উপরে নিবদ্ধ হবে।

বিষয়

এই কাজটি RRAA 2000 এবং Fair For All HDL এর চাহিদার উপরে নির্ভর করে গড়ে উঠেছে। এটা এনএইচএস স্কটল্যান্ডের ব্যাপক দায়িত্ব যেমন কমিউনিটি পরিকল্পনা, মানবাধিকার, সাম্য ও বৈচিত্র্য এবং Patient Focus and Public Involvement (PFPI) এর ভেতরে নিহিত রয়েছে।

প্রথম খন্ড

বিশেষ করে সংখ্যালঘুদের স্বাস্থ্য বিষয়ক সেবা প্রদাণের জন্য NHS Scotland বিশেষত হেলথ্ বোর্ডকে সহায়তার জন্য স্কটিশ এক্সিকিউটিভ দ্যা ন্যাশনাল রিসোর্স সেন্টার ফর এথনিক মাইনরিটি হেলথ্ (এনআরসিইএমএইচ) (The National Resource Centre for Ethnic Minority Health (NRCEMH) এর পেছনে অর্থ যোগান দেয়। NRCEMH কাজ শুরু করে 1 এপ্রিল 2002 থেকে। এর আছে একজন ডিরেক্টর, দুইজন প্রোজেক্ট সেক্রেটারি এবং তিনজন প্রোজেক্ট ম্যানেজার যারা পলিসি, তথ্য এবং প্রশিক্ষণের প্রয়োজনীয় মূল বিষয়গুলোর উপরে গুরুত্ব আরোপ করে। এর সাথে কমিউনিটি উন্নয়নের ব্যাপারে NRCEMH চতুর্থ একটা গুরুত্বপূর্ণ ক্ষেত্র যোগ করার প্রয়োজনীয়তা চিহ্নিত করেছে।

এর উদ্দেশ্য হলো একটা মান সম্পন্ন স্বাস্থ্য সেবা সুনিশ্চিত করতে সাহায্য করা যা কিনা সংখ্যালঘু জাতিগোষ্ঠির প্রয়োজনীয়তা পূরণ করে এবং বৈষম্যহীনতার পলিসি এবং অনুশীলনের উপরে নির্ভর করে একটা সংবেদশীল ও সাস্কৃতিকভাবে সুবিধাজনক সেবা চালু করতে সহায়তা করে।

পলিসি কার্যক্রম

গত বছরে CRE এর সহযোগীতায় NRCEMH স্কটল্যান্ডের সকল বোর্ড এবং ট্রাস্ট সমূহকে তাদের Race Equality এবং Schemes Fair For All Action বাস্তবায়ন ও National Review প্রক্রিয়া গড়ে তুলতে সাহায্য করেছে।

CRE এর সাথে সহযোগীতার মাধ্যমে NRCEMH একটা কার্যকর অংশিদারিত্ব গড়ে তোলার পেছনে মূল ভূমিকা পালন করেছে এবং এটা যুক্তরাজ্যের বাকী তিনটি এলাকায় বিদ্যমান ব্যবস্থার তুলনায় এখানকার স্বাস্থ্য সংস্থাসমূহকে আরো বেশী মাত্রায় সহযোগীতা প্রদাণ করেছে। স্কটল্যান্ডে আমাদের এই যে অধিকতর শক্তিশালী কাঠামো আছে তার ফলে স্বাস্থ্যের মাধ্যমে আমরা জাতিগত সাম্যের ক্ষেত্রে অগ্রগতি অর্জন করতে পারি। এই যৌথ উদ্যোগের ফলাফল আরো কার্যকর কারন এটা নেতৃত্ব ও উচ্চ পর্যায়ের প্রতিশ্রুতির উপরে নির্ভর করে গড়ে উঠেছে। এটা আমাদেরকে অসুবিধা দুর করতে সাহায্য করবে এবং সকল পলিসি এবং পরিকল্পনা প্রক্রিয়ায় এই আঞ্চলিক বৈচিত্র্যকে আমাদের বিবেচনায় রাখতে সাহায্য করবে।

গৃহীত বিশ্লেষন এটা নিশ্চিত করে যে দুই বছর আগে গৃহীত ফেয়ার ফর অল স্টকটেক এর থেকে শুরু করে এপর্যন্ত অনেক উন্নতি হয়েছে। কোন কোন বোর্ড ও ট্রাস্টসমূহকে যে দায়িত্ব পালন করতে বলা হয়েছে তারা অত্যন্ত প্রফুল্লতার সাথে সম্পন্ন করেছে, আবার দুঃখজনক হলেও সত্য যে অনেকে এটাকে শুধুমাত্র একটা টিক বাক্স পূরণের অনুশীলন হিসাবে নিয়েছে। রেইস ইকুয়্যালিটি স্কিমস্ এবং এ্যাকশান প্ল্যানস্ চালু হওয়ার ফলে এটা দৃশ্যতই অনেক প্রতিষ্ঠানকে প্রাতিষ্ঠানিক বর্ণবাদ বুঝতে সাহায্য করেছে এবং এর ফলে তারা সংস্কৃতি এবং প্রতিষ্ঠানে পরিবর্তন আনতে ঐক্যমতে পৌঁছাতে পেরেছে। অনেকের জন্যই এটা একটা নতুন ক্ষেত্র এবং এ ব্যাপারে গ্রহণযোগ্যতা ও আত্মবিশ্বাস পেতে হলে সময় লাগবে। সকল কর্মচারী এবং বোর্ড সদস্যদের ভেতরে এই এজেন্ডার মালিকানা পাওয়া নিয়ে এখনও চ্যালেঞ্জ আছে। এছাড়াও সংখ্যালঘিষ্টদের সাম্প্রদায়িক স্বাস্থ্য চাহিদা পূরণে কমিউনিটির ভেতরে বিশ্বাস গড়ে তোলাটাও এখনও একটা চ্যালেঞ্জ।

বোর্ড সমূহে প্রয়োজনীয় সাধারন আইনগত ও পলিসিগত চাহিদার সাথে সাথে বেশ কিছু সংখ্যক গুরুত্বপূর্ণ খাত চিহ্নিত করা হয়েছে সেগুলির দিকে মনোযোগ দেয়া প্রয়োজন। সবচেয়ে ভালো অনুশীলনে উদ্দীপনা দেওয়ার জন্য ভাব সম্পন্ন নেটওয়ার্ক স্থাপন করা হয়েছে। পলিসি অনুযায়ী এর ভেতরে আছে জিপসি/ট্রাভেলার্স, আশ্রয়ের খোঁজকারী, এবং উদ্বাস্তু, কমিউনিটি উন্নয়ন, মানসিক স্বাস্থ্য এবং ক্যান্সার নেটওয়ার্ক।

কমিউনিটি উন্নয়ন: NRCEMH প্রথম থেকেই স্টিয়ারিং গ্রুপ পরিস্কার নির্দেশনা দিয়ে আসাছে যে এর কাজের চতুর্থ খুঁটি হবে কমিউনিটি উন্নয়ন। NRCEMH বিদ্যমান জাতীয় সংখ্যালঘু সংস্থার সহযোগীতায় একটা কার্যকরী গ্রুপ তৈরী করেছে যাতে করে পেশেন্ট ফোকাস এ্যান্ড পাবলিক ইনভলভ্মেন্টকে এর SEHD এর Patient Focus and Quality Unit এর সহযোগীতায় আরো দুরে এগিয়ে নেওয়া যায়।

মানসিক স্বাস্থ্য এবং উপকার/দ্রব্যের অপব্যবহার: দ্যা স্কটিশ এক্সিকিউটিভ মানসিক স্বাস্থ্যকে জাতীয় একটা গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে চিহ্নিত করেছে এবং একই সাথে মেন্টাল ওয়েলফেয়ার কমিশন এই ইস্যুকে তাদের এই বছরের কাজ হিসাবে চিহ্নিত করে অগ্রাধীকার দিয়েছে। জাতীয় এ গুরুত্বপূর্ণ কাজকে সমর্থন করার জন্য আশা করা হচ্ছে যে একটা জাতীয় নেটওয়ার্ক গড়ে উঠবে এবং এটাকে সহযোগীতা করবে NRCEMH এর পরের স্থান। এই কাজের ফলে বোর্ড এবং ট্রাস্ট সমূহের বর্তমান মানসিক স্বাস্থ্য কৌশল পরিস্কার করার পেছনে ফোকাস করবে এবং এটা একই সাথে এটা বিদ্যমান জাতিগত সংখ্যালঘু সহায়তাকারী প্রতিষ্ঠান সমূহ এবং চলমান কাজ চিহ্নিত করতে সাহায্য করবে। একইসাথে সম্প্রতি স্বাস্থ্য ও সোশ্যাল কেয়ার পেশা জুড়ে শিক্ষা এবং প্রশিক্ষনের ভেতরে আন্তঃ/অন্তঃসাংস্কৃতিক মানসিক স্বাস্থ্যের উপরে শিক্ষা প্রদানকে নিশ্চিত করার জন্য সুর্নিদিষ্টভাবে কাজ শুরু হয়েছে।

ক্যান্সার: CRE এর অনুরোধে NRCEMH জাতীয় ক্যান্সার স্ট্র্যাটেজি এর জন্য পরামর্শদান প্রক্রিয়াতে অংশগ্রহণ করতে রাজী হয়েছে। বিশেষ ধরনের কাজ, বিশেষত যেগুলি সমাজ এবং স্বাস্থ্য উন্নয়ন, সহযোগীতা ভিত্তিতে কাজ এবং সকল স্তরে কার্যকরী পর্যবেক্ষনের সাথে জড়েত সেগুলি এগিয়ে নেওয়ার জন্য একটা বহু এজেন্সি ভিত্তিক গ্রপ তৈরী হয়েছে। বিদ্যমান সমস্যা ও ইস্যুগুলো চিহ্নিত করা এবং তার সমাধানের কাজ এগিয়ে নিয়ে যাওয়ার জন্য ম্যাকমিলান ক্যান্সার রিলিফের সাথে একটা যৌথ উদ্যোগ গড়ে তোলার জন্য একটা প্রাথমিক আলোচনা শুরু হয়েছে।

জিপসি/ভ্রমণকারী: The Fair For All Stocktake in 2000 - বিদ্যমান শর্তের ভেতরে বেশ কিছু সংখ্যক ভুল চিহ্নিত করে জিপসি/ট্রাভেলার এবং এ্যাসাইলাম সিকার্স ও রিফিউজিদের সাথে কাজ করার ক্ষেত্রে আন্তরিকতার অভাব লক্ষ্য করেছে। জিপসি/ভ্রমণকারীদের ব্যাপারে 2003 সালের জানুয়ারীতে একটা জাতীয় গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয় এবং এটা স্বাস্থ্যের বিষয়ে অগ্রাধিকার নির্ধারনে যে বিতর্ক আছে সেটার পথ প্রদর্শন করে। যে সব ক্ষেত্রে কাজ করতে হবে তার ভেতরে আছে হেলথ্ প্রমোশান পণ্য উৎপাদন করা, কমিউনিটির নেতৃত্বে হাতে ধরা হেলথ্ রেকর্ডের একটা হিসাব এবং জাতীয় সমন্বয় সাধন করা।

আশ্রয়ের সন্ধানকারী ও শরনার্থী: NRCEMH স্কটল্যান্ডে আশ্রয়ের সন্ধানকারী ও শরনার্থীদের যুক্ত করার জন্য একটা ন্যাশনাল এ্যাকশান প্ল্যান তৈরীর কাজে স্কটিশ এক্সিকিউটিভদের Scottish Refugee Integration Forum (SRIF) কাজকে সহায়তা করেছে। আরো বৃহত্তর এফএফএ এজেন্ডা হিসাবে স্বাস্থ্য ও সামাজিক কাজের ব্যাপারে SRIF এর রিপোর্টকে আরো দুরে এগিয়ে নেওয়ার ব্যাপারে এনএইচএস এর ভূমিকাতে সমর্থন দেওয়ার কাজে NRCEMH মূল ভূমিকা পালন করবে।

প্রশিক্ষণ এবং উন্নয়ন কাজ

এর প্রশিক্ষণ উন্নয়ন কাজের মূল লক্ষ্য হলো এনএইচএস স্টাফদের জ্ঞাণের উন্নয়ন, সংস্কৃতি স্পর্শকাতর আচরণ এবং দক্ষতা গড়ে তোলা যাতে করে তারা সাংস্কৃতিকভাবে মান সম্পন্ন সেবা দেতে পারে। প্রশিক্ষণ এবং উন্নয়ন নেটওয়ার্ক একটা সমন্বিত পদ্ধতির মাধ্যমে একটা প্রশিক্ষণ উন্নয়ন এজেন্ডা তৈরী করছে। এর জন্য তিনটা বড় মাপের ভাগে একটা কারিকুলাম নির্ধারণ করা হয়েছে, এগুলি হলো: জ্ঞাণ এবং বোধগম্যতা; বৈচিত্র্যের মূল্য দেয়া এবং সংস্কৃতিকভাবে স্পর্শকাতর আচরণ; ও কার্যকরী যোগাযোগ এবং জাতিগত সংখ্যালঘুদের তথ্য ব্যবহার/সংগ্রহ করা। PFPI এবং FFA এজেন্ডা সরবরাহ করার জন্য স্কটিশ এক্সিকিউটিভদের সহায়তায় স্কটল্যান্ডে এনএইচএস স্টাফদের প্রশিক্ষণের চাহিদা যাচাই করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। হেলথ্ বোর্ডকে একটা প্রশিক্ষণ কৌশল তৈরীর জন্য একটা খসড়া কাঠামো তৈরী করা হয়েছে। অন্যান্য কার্যক্রমের ভেতরে আছে একটা প্রশিক্ষণ উন্নয়ন বুলেটিন চালু করা এবং এনএইচএস এডুকেশান স্কটল্যান্ডের সহযোগীতায় একটা সাংস্কৃতিকভাবে সৌহার্দের ধারণা গড়ে তোলা।

তথ্য, পর্যবেক্ষণ করা এবং গবেষণা কর্ম

স্কটল্যান্ডে জাতীগত ও স্বাস্থ্যগত বিষয়ে বিস্তারিত তথ্যের অপ্রতুলতা রয়েছে এবং এর ফলে ইংল্যান্ড এবং ওয়েলশ্ থেকে প্রাপ্ত তথ্যের উপর ভিত্তি করে পলিসি এবং সিদ্ধান্ত বিষয়ক তথ্য নেয়া হয়। NRCEMH এর একটা মূল লক্ষ্য হলো তথের উপরে ভিত্তি করে পলিসি নির্ধারণ করা, অনুশীলনকে মান সম্পন্ন করা এবং ন্যাশনাল এথনিক হেলথ্ ড্যাটা কালেকশানের জন্য এই তথ্যকে লিপিবদ্ধ করা। মানব সম্পদ এবং সেবা প্রদাণ-এই দুই দৃষ্টিকোন থেকেই এই কাজটি জাতিগত পর্যবেক্ষণকে বাস্তবায়িত করার চেষ্টা করছে। এডিনবার্গ বিশ্ববিদ্যালয়ে একটা গবেষণায় Information Statics Division (ISD) এর সাথে NRCEMH একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। এই গবেষণায় স্কটল্যান্ডের স্বাস্থ্য ডেটাবেসে একটা জাতিগত কোড নং দেওয়ার চেষ্টা করা হচ্ছে।

সম্প্রতি একটা ওয়েবসাইট তৈরী করা হয়েছে যার লক্ষ্য হলো তথ্যের জন্য একটা বৈদ্যুতিক তথ্যের আধার হিসাবে কাজ করা।

ক্রনিক ডিজিজ ম্যানেজমেন্ট: স্কটিশ ডায়াবেটিস ফ্রেমওয়ার্ক এর অনুচ্ছেদ 85 এর অধীনে ন্যাশনাল রিসোর্স সেন্টার ফর এথনিক মাইনরিটি হেলথ্ কে দায়িত্ব দেয়া হয়েছে স্কটল্যান্ডের সংখ্যালঘুদের ভেতরে ডায়াবেটিকস্ এর এপিডেমোলজির উপরে একটা রিপোর্ট তৈরী করার জন্য নিযুক্ত করা হয়েছে। 2003 সালের শেষের দিকে একটা আর্ন্তজাতিক সিম্পোজিয়ামে এর প্রাথমিক উদ্ঘাটিত তথ্য জানানো হবে।

হোমোগ্লোবিনোপ্যাথিস: একটা কার্যকারী গ্রুপ এই এলাকাটা পরীক্ষা করার জন্য একটা প্রয়োজনীয় যাচাই (needs assesment) তৈরী করছে।

দ্বিতীয় খন্ড

এই অংশে Fair For All HDL 2002 (51) and Race equality Schemes বাস্তবায়নে এনএইচএস স্কটল্যান্ডের অর্জিত অগ্রগতি দেখানো হয়েছে।

ধারা 1: ফেয়ার ফর অল (Fair For All)

2000 সালে এনএইচএস সংস্থাগুলোর ভেতরে সাংস্কৃতিক যোগ্যতার অবস্থা বিচারের জন্য Fair For All Stocktake অনুষ্ঠিত হয়। মূল চ্যালেঞ্জগুলি চারটি শিরোনামে চিহ্নিত করা হয়: সমান অধিকার; নেতৃত্ব; কৌশলগত পরিকল্পনা এবং জবাবদিহিতা। HDL (2000) নির্দেশিকা প্রকাশের সাথে সাথে এনএইচএস স্কটল্যান্ডের টার্গেট অর্জনের জন্য স্কটিশ এক্সিকিউটিভ একটা তিন বছরের পরিকল্পনা পেশ করে। এর ভেতরে আছে কার্যকারী নেতৃত্বের মাধ্যমে সংগঠনকে উদ্দীপিত করে তোলা; যে জনগোষ্ঠী হুমকিগ্রস্থ আছে তাদের ব্যাপারে তথ্য সংগ্রহ ও যাচাই করা এবং পরিকল্পনার জন্য প্রমান সংগ্রহের উদ্দেশ্যে স্বাস্থ্য চাহিদা বিষয়ক প্রয়োজনীয়তা যাচাই করা; সংস্কৃতি এবং ধর্মীয় দিক দিয়ে সংবেদনশীল সেবা সুনিশ্চিত করার মাধ্যমে সেবা পাওয়ার পথকে সুগম করে দেয়া; বিশেষত নিয়োগ এবং নির্বাচনের ব্যাপারে সমানাধিকারের সুযোগ বাড়িয়ে দেয়া; এবং সেবা দেয়ার ব্যাপারে জড়িত লোকদের বক্তব্য শুনে ও তাদেরকে এর সাথে সংযুক্ত করে একটা কমিউনিটি উন্নয়ন কৌশল গড়ে তোলা।

ধারা 2: Race Equality and Cultural Competence এর ব্যাপারে NHS Scotland এর মতামত

লক্ষ্য অর্জনে আমাদের এখনও অনেকদুর যেতে হবে কিন্তু সমগ্র এনএইচএস স্কটল্যান্ড জুড়ে মান উন্নয়নের ব্যাপারে ক্রমবর্ধমান সাংগঠনিক সংকল্প দেখা যাচ্ছে। স্টকটেকের সময় যে অবস্থা ছিল সে অবস্থার তুলনায় পরিস্থিতি এখন অনেক ভালো। এনএইচএস চিফ এক্সিকিউটিভ অফিসাররা এই বিষয়ের প্রতি তাদের ব্যক্তিগত দৃঢ় সংকল্প ব্যক্ত করার জন্য কমিশন ফর রেসিয়্যাল ইকুয়্যালিটির 'লিডারশিপ চ্যালেঞ্জ' এ স্বাক্ষর করেছে।

জাতিগত সমতা স্কিম এবং কর্ম পরিকল্পনা: Race Equality Schemes and Fair For all Action Plans তৈরী এবং তা বোঝার পেছনে প্রয়োজনীয়তা সম্বন্ধে প্রাথমিক কিছু সন্দেহ এবং উদাসিনতা ছিল। এর ভেতরে ছিল অসহযোগীতার আশংকা, প্রাতিষ্ঠানিক বর্ণবাদ এবং বৈষম্যমূলক আচরণের ব্যাপারে বোধগম্যতার অভাব এবং সংখ্যালঘুদের ক্ষুদ্র সংখ্যার কারনে 'জাতিগত স্বত্তা' র উপরে মনোযোগের অভাব। এতদসত্ত্বেও সময় মতোই Race Equality Schemes and Fair For all Action Plans শেষ হয়। অধিকাংশ হেলথ্ বোর্ডের উন্নতির প্রমান পাওয়া যায়, বিষেশত যেখানে নিবেদিত প্রাণ কর্মী অথবা/এবং একজন উদ্দীপনাপূর্ণ চিফ এক্সিকিউটিভ আছে সেখানে এটা দেখা যায়। CRE এর সাহায্যে গড়ে তোলা Joint National Assessment Framework কে ব্যবহার করে উন্নতি এবং দূর্বলতা চিহ্নিত করা হচ্ছে।

জাতীয় পর্যালোচনা - সারসংক্ষেপ এবং উদ্দেশ্য: CRE এর সহযোগীতায় NRCEMH সকল Race Equality Schemes and Action Plans এর একটা জাতীয় পর্যালোচনার আয়োজন করে। এর সর্বশেষ রিপোর্ট বোর্ড এবং ট্রাস্ট সমূহকে তাদের Race Equality Schemes and Action Plans বাস্তবায়নে এবং পরিশোধনে নির্দেশিকা দিয়ে সাহায্য করবে। এটা NRCEMH এর ভবিষ্যতের কাজে নির্দেশনা দিয়েও সাহায্য করবে, এবং এটা করা হবে উন্নয়নের ক্ষেত্র ও অগ্রাধীকার বিবেচনা করা মাধ্যমে। এই এলাকার ভেতরে আছে; কমিউনিটি উন্নয়ন; সেবার শর্তাবলী; মানব সম্পদ; ক্রয়; প্রভাব যাচাই; উপকরণ এবং কার্যক্রম বিচারের মানদন্ড নিরিক্ষা করা।

NRCEMH এর সাথে মিথস্ক্রিয়া: নেটওয়ার্ক এবং কর্মরত গ্রুপের উপস্থাপনার ব্যাপারে ক্রমবর্ধমান প্রতিশ্রুতির মাধ্যমে NRCEMH, হেলথ্ বোর্ড এবং ট্রাস্ট সমূহের ভেতরে মিথস্ক্রিয়া ইতিবাচকভাবে বৃদ্ধি পাচ্ছে। উপদেশ এবং সাহায্য চেয়ে ব্যক্তির অনুরোধ আগের চেয়ে বেড়েছে।

নেটওয়ার্কস্: লিড নেটওয়ার্ক প্রতিনিধির ভূমিকা এবং সংকল্প বাড়ছে। এর পেছনে সাহায্য করেছে পৃথক হেলথ্ বোর্ডে NRCEMH স্টাফদের পরিদর্শন। কর্ম পরিকল্পনা তথ্য, প্রশিক্ষণ, পলিসি নেটওয়ার্ক এবং ভাবপূর্ণ নেটওয়ার্কেও মাধ্যমে বিশেষ ধরণের কাজের মাধ্যমে তা উন্নত হয়।

চ্যালেঞ্জ সমূহ: এর ভেতরে আছে দ্রুত পরিবর্তনশীল রাজনৈতিক এজেন্ডা বিশেষত ইইউ নির্দেশনা এবং একক ইক্যুয়ালিটি কমিশন গড়ে তোলার উপরে আলোচনা; সামাজিক অর্ন্তভূক্তিকরণ এবং ব্যাপক বৈচিত্র্যের ভেতরে থেকে জাতিগত সাম্যের উপরে দৃষ্টি নিবদ্ধ করা; প্রাতিষ্ঠানিক বৈষম্যকে চিহ্নিত করা; সকল প্রতিষ্ঠান জুড়ে উন্নত যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা এবং এমন পরিবর্তন নিশ্চিত করা যার পরিমাপ করা যায়।

নির্দেশনা সমূহ: NRCEMH সংখ্যালঘুদের ব্যাপক অংশগ্রহণের বিষয়টিতে উৎসাহ যোগাবে এবং নিশ্চিত করবে যে NRCEMH এর উন্নয়ন কাজে তাদেরকে সক্রিয় ভূমিকা পালনের সুযোগ দেয়া হবে। একসাথে কাজ করা এবং টুইনিং সুবিধা প্রদাণের মাধ্যমে ভালো অনুশীলন ভাগাভাগি করার উপরে ক্রমবর্ধমান হারে জোর দেওয়া হবে। NRCEMH জাতীয় নির্দেশনা নির্মান, কেমন কাজ করা হচ্ছে সেটা পরিমাপের নির্দেশিকা এবং টার্গেট তৈরী যাতে করে কাজের পরিবর্তন পরিমাপ করা যায়; ও বৈচিত্র্যপূর্ণ জাতীয় এজেন্ডা যেমন পেশেন্ট ফোকাস এবং পাবলিক ইনভলভ্মেন্টের সাথে ঘনিষ্টভাবে কাজ করবে।

NRCEMH কর্তৃক সমর্থিত মূল স্বাস্থ্য সংগঠনগুলো হলো এনএইচএস বোর্ড এবং ট্রাস্ট সমূহ। ভোলেন্টারি খাত, আঞ্চলিক সরকার এবং আরো সংবিধিবদ্ধ সংস্থার সাথে NRCEMH একটা গুরুত্বপূর্ণ সংযোগ স্থাপন করছে।

উপসংহার

শুভ রাজনৈতিক উদ্দেশ্য, উন্নত ব্যবস্থাপনা, চ্যালেঞ্জপূর্ণ কিন্তু নির্দিষ্ট নির্দেশিকা এবং আইন এবং এনএইচএস এর ভেতরে ব্যাপকভাবে বিরাজমান শুভকামনার ফলশ্রুতিতে স্কটল্যান্ড বিভিন্ন জাতিস্বত্তার জন্য উপযুক্ত একটা স্বাস্থ্য সেবা তৈরীর ক্ষেত্রে যে পলিসি ও কৌশলগত চ্যালেঞ্জ আছে সেটা অর্জনে বেশ উল্লেখযোগ্য মাত্রায় অগ্রগতি অর্জন করেছে। যদি এই অগ্রগতি বজায় রাখতে হয় তাহলে এই কৌশলকে দীর্ঘ মেয়াদে দেখতে হবে এবং অগ্রাধিকারের উপরে মনোযোগ দিতে হবে যেটা কিনা বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে অংশিদারিত্বের সাথে করা হয়।

জাতিগত সাম্যর ব্যাপারে আমরা বোর্ডের প্রথম বাৎসরিক পর্যারোচনা সম্পন্ন করেছি। এই বিশ্লেষনের মূল বিষয়গুলো দ্বিতীয় এবং তৃতীয় বৎসরে আমাদের কাজকে ফোকাস করতে সাহায্য করবে:

- কৌশলগত পর্যায়ে স্বচ্ছ নেতৃত্ব স্থাপনের পরে এখন আমরা ব্যবস্থাপনা এবং অপারেশনাল পর্যায়ে স্টাফদের মালিকানা দেখতে চাই।
- বোর্ড ডেমোগ্রাফিক প্রোফাইল তৈরী করেছে এবং এলাকার সংখ্যালঘুদের স্বাস্থ্য চাহিদা বিষয়ক এ্যাসেসমেন্টে করার কাজে হাত দিয়েছে। আমাদের এখন দরকার বিভিন্ন ধরণের পদ্ধতি বের করা যা আমাদেরকে স্বাস্থ্য প্রভাব এ্যাসেসমেন্ট প্রক্রিয়াকে সাহায্য করবে এবং একই সাথে গবেষণার একটা জাতীয় কাঠামো গড়ে তুলবে।
- এ্যাকশান পরিকল্পনা পরিস্কার দূর্বলতা চিহ্নিত এবং বেস লাইন নির্দিষ্ট করে দিয়েছে; এই ক্ষেত্রে যত তাড়াতাড়ি সম্ভব অগ্রসর হতে পারলে বোর্ড খুঁশি হতে পারবে যাতে করে যোগাযোগ, খাদ্যাভ্যাস, আত্মীক যত্ন এবং এ্যাডভোকেসির মতো

সাংস্কৃতিকভাবে যোগ্যতা সম্পন্ন ব্যক্তিগত সেবার বিষয়টা নিশ্চিত করা যায়।

- বিভিন্ন ধরণের স্তরে প্রশিক্ষণ এবং শিক্ষার ফলে উল্লেখযোগ্য মাত্রায় সাংগঠনিক উন্নয়ন ঘটবে যেমন; সূচনা, সামনের সারির স্টাফ, ব্যবস্থাপনার জন্য বৈষম্য বিরোধী আচরণ, কেয়ারারদের উন্নয়ন এবং সংখ্যালঘু স্টাফদের জন্য সুবিধার ব্যবস্থা করা।
- সংখ্যালঘু ব্যবহারকারীদের সাথে আরো কার্যকারী আলোচনা এবং জড়িতকরণ এর ব্যাপারে সমর্থন এবং নির্দেশনা দেওয়া হবে; আঞ্চলিক অংশিদারিত্বের জন্য সুযোগ গড়ে তোলা হবে এবং উত্তম মডেল অনুসরণ করার জন্য টুইনিং তৈরী করা হবে।
- আমরা সুনিশ্চিত করবো যে গ্রাম্য এলাকায় বর্ণ সাম্যের বিষয়টি মূল স্রোতধারায় একটা আন্তঃএজেন্সি ভিত্তিতে প্রবাহিত হবে এবং সংখ্যালঘুদের চাহিদা সামাজিক অর্ন্তভুক্তিকরণ এজেন্ডার অংশ হিসাবে দেখা হবে।

এর এই নেতৃস্থানীয় ভূমিকা ইতেমধ্যে প্রমানিত হচ্ছে। পরবর্তী বছরের অন্যতম মূল চ্যালেঞ্জ হলো নতুন এনএইচএস হেলথ্ বোর্ডের ভেতরে থেকে কাঠামো শক্ত করা। এটা এবং অন্যান্য চ্যালেঞ্জগুলির পেছনে স্কটিশ এক্সিকিউটিভ, কর্মী সংগঠন, ইউনিয়ন, পেশাজীবি সংস্থা এবং - সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো - রোগীদের সমর্থণ থাকবে। এখানে জটিলতার কোন অবকাশ নেই কারন সবচেয়ে কঠিন কাজ হলো এই পর্যায়ের বাস্তবায়ন, আমরা কেবলমাত্র শুরু করেছি।

Astron B31473 9-03